



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিবিল বা/এ, ঢাকা।

ক্রেডিট বিভাগ

E-mail: dgmlad1@krishibank.org.bd



মুজিব
মতিবিল

মুজিববন্দের প্রতিশ্রূতি
আর্থিক আন্তর অঞ্চল

তারিখ : ২৯/০৮/২০২১

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০৭/২০২১

বিষয় : ব্যাংকের বিভিন্ন প্রকার ঋণ প্রক্রিয়াকরণ ফি বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক
জারীকৃত বিআরপিডি সার্কুলার নং-১১, তারিখ: ১০/০৬/২০২১ এর আলোকে পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

বাংলাদেশ ব্যাংক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের বিআরপিডি সার্কুলার নং-১১, তারিখ: ১০/০৬/২০২১ মোতাবেক Master Circular on Schedule of Charges জারী করা হয়েছে। পরিবর্তিত পরিস্থিতি বিবেচনায় আমানতকারী/বিনিয়োগকারী/গ্রাহকগণের স্বার্থ সংরক্ষনকল্পে বিভিন্ন ধরনের চার্জ/ফি/কমিশন ইত্যাদির নির্ধারিত পরিমাণ/হার বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত সার্কুলার মোতাবেক নতুনভাবে নির্ধারণ করা হয়েছে। বাংলাদেশ ব্যাংকের বর্ণিত বিআরপিডি সার্কুলার নং-১১ এর জেনারেল ব্যাংকিং ও ফরেন এক্সচেঞ্চ ব্যাংকিং সংশ্লিষ্ট অংশের সাথে সঙ্গতি রেখে অত্র ব্যাংকের পর্যবেক্ষণ কর্তৃক অনুমোদিত জেনারেল ব্যাংকিং এর শিডিউল অফ চার্জেস এর আবশ্যিকীয় সংশোধন/সংযোজন/পরিমার্জন/পরিবর্ধনপূর্বক কেন্দ্রীয় হিসাব বিভাগ কর্তৃক প্রকা/(হিসাব-১)পরিপত্র নং-৪/২০২১, তারিখ: ২৭/০৬/২০২১ মূলে সমন্বিত আকারে জারী করা হয়েছে। বিআরপিডি সার্কুলার নং-১১, তারিখ: ১০/০৬/২০২১ এর সাথে সঙ্গতি রেখে ঋণ প্রদান সংক্রান্ত কমিশন/চার্জ/ফি পুনঃনির্ধারণ এর বিষয়ে একটি পূর্ণাঙ্গ ও সংশোধিত শিডিউল অফ চার্জেস প্রস্তাব বিগত ১০/০৮/২০২১ তারিখে অনুষ্ঠিত ব্যাংকের পরিচালনা পর্যবেক্ষণে ৭৯২ তম সভায় উপস্থাপন করা হলে পর্যবেক্ষণ কর্তৃক সদয় অনুমোদিত হয়েছে (প্রস্তাবটি ২৬/০৮/২০২১ তারিখে অনুষ্ঠিত ব্যাংকের পরিচালনা পর্যবেক্ষণে ৭৯৩ তম সভায় দৃঢ়ীকৃত)। ব্যাংকের মাঠ পর্যায়ে কাজের সুবিধার্থে ঋণ প্রদান সংক্রান্ত শিডিউল অফ চার্জেস এর অংশটি পরিপত্র আকারে জারী করা হলোঃ

ক্রংকণ	বিবরণ	অনুমোদিত ফি এর পরিমাণ
১.	ঋণ প্রক্রিয়াকরণ ফি	শস্য/ফসল ঋণ, বিভিন্ন সম্মত ক্ষিম ও এফডিআর এর বিপরীতে ঋণ আবেদনের জন্য কোনরূপ ফি প্রয়োজন হবে না। উপরোক্ত ঋণ খাত ব্যতিত অন্যান্য ফান্ডেড ঋণের ক্ষেত্রে ঋণ প্রসেসিং ফি (Loan Processing Fee) হিসেবে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে মোট মঞ্জুরীকৃত ঋণের সর্বোচ্চ ০.৫০% আদায় করা যাবে, তবে এর পরিমাণ ১৫,০০০/- টাকার অধিক হবে না। ৫০.০০ লক্ষ টাকার অধিক পরিমাণ ঋণের ক্ষেত্রে এ হার হবে সর্বোচ্চ ০.৩০%, তবে এর পরিমাণ ২০,০০০/- টাকার অধিক হবে না। এক্ষেত্রে সিএমএসএমই ও কৃষি খাতে মঞ্জুরীকৃত ঋণের ক্ষেত্রে কোনরূপ প্রসেসিং ফি আদায় করা যাবে না।
২.	তল্লাশি ফি (শস্য ঋণ ব্যতিত)	৫০,০০০/- টাকা পর্যন্ত নাই ; ৫০,০০১/- টাকা হতে ৫,০০,০০০/- টাকা পর্যন্ত ১,০০০/- টাকা ; ৫,০০,০০১/- টাকা হতে ১৫,০০,০০০/- টাকা পর্যন্ত ২,০০০/- টাকা ; ১৫,০০,০০১/- টাকা হতে ৩০,০০,০০০/- টাকা পর্যন্ত ৩,০০০/- টাকা ; ৩০,০০,০০১/- টাকা হতে ৫০,০০,০০০/- টাকা পর্যন্ত ৪,০০০/- টাকা ; ৫০,০০,০০১/- টাকা ও তদুর্বল ৫,০০০/- টাকা।
৩.	সিআইবি প্রতিবেদন সংগ্রহ ফি	কর্পোরেট বডি/লিমিটেড কোম্পনীর ক্ষেত্রে ১,০০০/-টাকা ; পার্টনারশীপের ক্ষেত্রে ৭৫০/- টাকা ; সোল প্রোপাইটেরশীপের ক্ষেত্রে ৫০০/- টাকা এবং পার্সনের ক্ষেত্রে ২০০/- টাকা।
৪.	ঋণ নবায়নের ক্ষেত্রে	চলতি মূলধন/নগদ ঋণ/চলমান ঋণ নবায়নের ক্ষেত্রে নবায়নকৃত ঋণাংকের উপর প্রক্রিয়াকরণ ফি আদায় করা যাবে না তবে ০২ নং ত্রিমিকে বর্ণিত হারে তল্লাশি সম্পাদন ফি গ্রহণ করতে হবে।
৫.	নতুন ও বর্ধিতসহ ঋণ নবায়নের ক্ষেত্রে	চলতি মূলধন/নগদ পুঁজি/চলমান ঋণ বর্ধিতকরণের ক্ষেত্রে ঋণ প্রসেসিং ফি (Loan Processing Fee) হিসেবে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে বর্ধিতসহ মোট মঞ্জুরীকৃত ঋণের সর্বোচ্চ ০.৫০% আদায় করা যাবে, তবে এর পরিমাণ ১৫,০০০/- টাকার অধিক হবে না। ৫০.০০ লক্ষ টাকার অধিক পরিমাণ ঋণের ক্ষেত্রে এ হার হবে সর্বোচ্চ ০.৩০%, তবে এর পরিমাণ ২০,০০০/- টাকার অধিক হবে না। নতুন ঋণ প্রদানের ক্ষেত্রে আবেদনকৃত ঋণাংকের উপর একই হারে প্রক্রিয়াকরণ ফি গ্রহণ করতে হবে ও ০২নং ত্রিমিকে বর্ণিত হারে তল্লাশি ফি গ্রহণ করতে হবে। এক্ষেত্রে সিএমএসএমই ও কৃষি খাতে মঞ্জুরীকৃত ঋণের কোনরূপ প্রসেসিং ফি আদায় করা যাবে না।
৬.	অতিরিক্ত/বিএমআরই ঋণের ক্ষেত্রে	অতিরিক্ত/বিএমআরই প্রকল্প ঋণ মঞ্জুরির ক্ষেত্রে শুধুমাত্র অতিরিক্ত মঞ্জুরীকৃত ঋণাংকের উপর ঋণ প্রসেসিং ফি (Loan Processing Fee) হিসেবে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে সর্বোচ্চ ০.৫০% আদায় করা যাবে, তবে এর পরিমাণ ১৫,০০০/- টাকার অধিক হবে না। একইভাবে ৫০.০০ লক্ষ টাকার অধিক পরিমাণ ঋণের ক্ষেত্রে এ হার হবে সর্বোচ্চ ০.৩০%, তবে এর পরিমাণ ২০,০০০/- টাকার অধিক হবে না। এক্ষেত্রে সিএমএসএমই প্রকল্পে অতিরিক্ত/বিএমআরই প্রকল্প ঋণ মঞ্জুরির ক্ষেত্রে কোনরূপ প্রসেসিং ফি আদায় করা যাবে না।

চলমান পাতা-০২

১৪

১৫

বিষয় ৪ ব্যাংকের বিভিন্ন প্রকার খণ্ড প্রক্রিয়াকরণ ফি বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক
জারীকৃত বিআরপিডি সার্কুলার নং-১১, তারিখঃ ১০/০৬/২০২১ এর আলোকে পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

ক্রমাংক	বিবরণ	অনুমোদিত ফি এর পরিমাণ
৭.	স্বনির্ভর খণ্ড কর্মসূচিসহ অন্যান্য আর্থসামাজিক কর্মসূচী যেমন - ভূমিহীন ও প্রান্তিক চাষীদের খণ্ড প্রদান কর্মসূচি, ঘরে ফেরা কর্মসূচি (২য় পর্যায় ২০০৯ হতে শুরু) ১০/- টাকা হিসাবধারী ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদেরকে প্রদত্ত খণ্ড ইত্যাদি) এবং অন্যান্য বিশেষ কর্মসূচির আওতায় খণ্ড মঞ্জুরির ক্ষেত্রে খণ্ড প্রক্রিয়াকরণ ফি আদায়ের বিষয়ে সংশ্লিষ্ট কর্মসূচির বিদ্যমান নীতিমালা/শর্তাবলী প্রযোজ্য হবে।	
৮.	Early Settlement Fee	গ্রাহক কর্তৃক গৃহিত খণ্ড নির্দিষ্ট মেয়াদের পূর্বে পরিশোধের ক্ষেত্রে বকেয়া খণ্ডের সর্বোচ্চ ০.৫০% Early Settlement Fee বা অনুরূপ ফি আদায় করা যাবে। তবে, কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতে প্রদত্ত খণ্ড, চলতি খণ্ড বা ডিমান্ড লোন এর ক্ষেত্রে মেয়াদপূর্তির পূর্বে সমষ্টয়ের ক্ষেত্রে Early Settlement Fee বা অনুরূপ ফি আদায় করা যাবে না। এছাড়াও চা খণ্ড ব্যতিত সকল প্রকার শস্য খণ্ড (পরিমাণ নির্বিশেষ), দারিদ্র্য বিমোচনের আওতায় বিতরণকৃত খণ্ড, ডিপিএস/ এসপিএস/ এমএসএসসহ সকল প্রকার মেয়াদী আমানতের বিপরীতে প্রদত্ত খণ্ড এবং মেয়াদ নির্বিশেষ ৫.০০ (পাঁচ) টাকা পর্যন্ত সকল প্রকার খণ্ড হিসাবসমূহের ক্ষেত্রে Early Settlement Fee ফি আদায় করা যাবে না। Early Settlement Fee ফি হিসাবায়নের ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়ন বিভাগ কর্তৃক ২০/১১/২০১৩ তারিখে জারীকৃত পরিকল্পনা ও পরিচালন (প্রবাবি) পরিপত্র নং-১৪/২০১৩ অনুসরনযোগ্য হবে;
৯.	খণ্ড আবেদন ফি	খণ্ড আবেদন ফি (Loan Application Fee) নামে কোন ফি আদায় করা যাবে না। রপ্তানি খণ্ডসহ যে কোন ধরনের খণ্ডের ক্ষেত্রে সুদ/মুনাফা হারের অতিরিক্ত কোন সার্ভিস চার্জ, খণ্ড ব্যবস্থাপনা ফি, মনিটরিং/সুপারভিশন চার্জ, ঝুঁকি প্রিমিয়াম বা অনুরূপ অন্য যে কোন নামে অতিরিক্ত কোন চার্জ/ফি/কমিশন আরোপ/আদায় করা যাবে না।
১০.	অন্যান্য ফি	খণ্ড প্রদানের ক্ষেত্রে ডকুমেন্টেশন ফি (Documentation Fee), স্ট্যাম্প চার্জ (Stamp Charge) এবং আইনী ও জামানত মূল্যায়ন ফি (Legal and Valuation Fee) প্রকৃত ব্যয়ের (At Actual) ভিত্তিতে নির্ধারিত হবে;
১১.	খণ্ড পুনঃতফসিলিকেশন /পুনৰ্গঠন ফি	কটেজ, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ (CMSME) এবং কৃষি খাতে খণ্ড পুনঃতফসিলিকেশন/ পুনৰ্গঠনের ক্ষেত্রে খণ্ড প্রসেসিং/ পুনঃতফসিলিকেশন/ পুনৰ্গঠন ফি (Loan Processing/ Reschedule/ Restructure Fee) ইত্যাদি নামে কোন ফি/ চার্জ/ কমিশন আদায় করা যাবে না। তবে, সিএমএসএমই ও কৃষি খাত ব্যতীত অন্যান্য খাতে খণ্ড পুনঃতফসিলিকেশন/ পুনৰ্গঠনের ক্ষেত্রে পুনঃতফসিলিকেশন/ পুনৰ্গঠন ফি (Reschedule/Restructure Fee) বাবদ সর্বোচ্চ ০.২৫% আদায় করা যাবে, তবে এর পরিমাণ ১০,০০০/-টাকার অধিক হবে না।

০২। ফি আদায়ের পর ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল-২০১৯ এর অনুচ্ছেদ নং-৪.০৫ অনুসরনপূর্বক হিসাবায়ন করতে হবে। খণ্ডের এসব ফি গ্রহণকালে প্রযোজ্য হারে ড্যাট আদায় করতে হবে। এছাড়া উক্ত অনুচ্ছেদের অন্যান্য নির্দেশনা সংশোধিত বলে গণ্য হবে;

০৩। Early Settlement Fee ফি হিসাবায়নের ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়ন বিভাগ কর্তৃক ২০/১১/২০১৩ তারিখে জারীকৃত পরিকল্পনা ও পরিচালন (প্রবাবি) পরিপত্র নং-১৪/২০১৩ অনুসরনযোগ্য হবে। প্রকল্প বাস্তবায়ন বিভাগের উক্ত পরিপত্র এবং এসএমই বিভাগ কর্তৃক ০২/০৮/২০১৭ তারিখে জারীকৃত পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০৩/২০১৭ এ নির্দেশনা সংশোধিত বলে গণ্য হবে।

০৪। এতদসংক্রান্ত কোন অস্পষ্টতা পরিলক্ষিত হলে ক্রেডিট বিভাগের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

আপনার বিশ্বাস,

২২/০৮/২১
(মোঃ আজিজুল বারী)
মহাব্যবস্থাপক
(পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ)

**বিষয় : ব্যাংকের বিভিন্ন প্রকার ঋণ প্রক্রিয়াকরণ ফি বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক^১
জারীকৃত বিআরপিডি সার্কুলার নং-১১, তারিখঃ ১০/০৬/২০২১ এর আলোকে পুনঃনির্ধারণ প্রসঙ্গে।**

নং-বিকেবি-প্রকা /ক্রেড়িটি-১/৩(৭)/২০২১-২০২২/ ৩৮৮ (২২০৮)

তারিখঃ ৪ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১. চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা ;
০২. ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা ;
০৩. ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়/বিভাগীয় কার্যালয়সমূহ ;
০৪. অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা ;
০৫. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক ;
০৬. সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা ;
০৭. উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা ;
(পরিপ্রতি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
০৮. উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ ;
০৯. সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ ;
১০. সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক ;
১১. সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক ;
১২. নথি/ মহানথি।



(মোহাম্মদ মস্তফুর ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোন-০২-২২৩৩৮৮৯৮০